জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০০.০০১.১৬.০০০১.২৫.৭৫৮৩

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২
০১ জুলাই ২০২৫

# আইডিয়া প্রস্তাবের আহবান

স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে 'জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মান'- লক্ষ্য নিয়ে জাতি গঠনে তরুণদের সরাসরি অংশগ্রহণে একটি **'আইডিয়া প্রতিযোগিতা'** এর আয়োজন করা হয়েছে। এবারের **'প্রতিপাদ্য: আমার চোখে জুলাই বিপ্লব'**।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা**: ১) ১৫ থেকে ৩০ বছরের তরুণ-তরুণী ২) মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ৩) যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ ৪) শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে ৫) নারী সদস্য অগ্রাধিকার পাবে।

**আইডিয়া জমাদানের কাঠামো**: ১) ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে ২) আইডিয়ার শিরোনাম ৩) আইডিয়ার ভূমিকা ৪) আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব ৫) আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে ৬) সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা ৭) প্রস্তাবের স্বতন্ত্রতা ৮) কাঙ্খিত ফলাফল ৯) গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা ১০) দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা।

**জমাদানের পদ্ধতি**: ১) প্রস্তাব আহবান ও প্রস্তাব দাখিল: ০১-০৮ জুলাই, ২০২৫; ২) প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই ২০২৫; ৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫; ৪) প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫ ৫) আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫।

**জমাদানের স্থান**: জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয় (সকাল ৯.০০ ঘটিকা-বিকাল ৫.০০ ঘটিকা) (সরাসরি)
অথবা **zpchittagong@lgd.gov.bd** (অনলাইন)

**সম্ভাব্য আইডিয়ার উদাহরণ**: ১) দেয়ালচিত্র ২) পথনাটক বা মঞ্চনাটক ৩) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র ৪) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম ৫) উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী ৬) স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ ৭) বর্জ্য-শূন্য অভিযান ৮) গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম ৯) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)।

০১/০৭/২০২৫
মো. দিদারুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, চট্টগ্রাম
ও
সদস্য-সচিব
জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি
চট্টগ্রাম